



# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬

ফ্যাক্স: ৯০৩৫০৫৭

[www.hbri.gov.bd](http://www.hbri.gov.bd)

স্মারক নং: ২৫.৪৪.২৬০০.০০০.০৬.০৮৮-১৩

তারিখ: ২০-১০-২০১৯

বিষয়: প্রতিষ্ঠানের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী  
সভাপতি: মোঃ আকতার হোসেন সরকার, প্রিন্সিপাল রিসার্চ অফিসার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট  
সভার তারিখ: ১০ অক্টোবর ২০১৯  
সভার সময়: বিকাল ৪.০০ টা  
সভার স্থান: সভাকক্ষ

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১.	প্রতিষ্ঠানের বিভিন্ন অনির্দিষ্ট বিষয়	সভায় প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে প্রতিষ্ঠানের বিভিন্ন অনির্দিষ্ট বিষয় নিয়ে আলোচনা করা হয়। আলোচনায় অনির্দিষ্ট বিষয় সমূহের কার্যক্রমের অগ্রগতি ও দ্রুত নিষ্পন্ন করণ বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	প্রতিষ্ঠানের অনির্দিষ্ট বিষয় সমূহের কার্যক্রমের অগ্রগতি ও দ্রুত নিষ্পন্ন করণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
২.	শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন	প্রতিষ্ঠানের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে দ্রুত কার্যক্রম গ্রহণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	প্রতিষ্ঠানের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে দ্রুত কার্যক্রম গ্রহণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার।
৩.	অডিট আপত্তি নিষ্পত্তিকরণ	প্রতিষ্ঠানের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে প্রতিষ্ঠানের লাইব্রেরিয়ান জনাব, প্রশান্ত কুমার রায় প্রয়োজনীয় কার্যক্রমে সার্বিক সহযোগিতা করবেন। তিনি অডিট আপত্তি সমূহের কার্যক্রমের অগ্রগতি বিষয়ে একটি প্রতিবেদন উপস্থাপন করবেন।	প্রতিষ্ঠানের অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পন্ন করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ বিষয়ে জনাব প্রশান্ত কুমার রায়, লাইব্রেরিয়ান সার্বিক সহযোগিতা প্রদান করবেন এবং অডিট আপত্তি সমূহ নিষ্পন্ন করণে কার্যক্রমের অগ্রগতি বিষয়ে একটি প্রতিবেদন পেশ করবেন। বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার, লাইব্রেরিয়ান, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা।
৪.	ই-নথি	প্রতিষ্ঠানের কার্যক্রম ও সেবা সমূহকে ই-নথিতে রূপান্তরের চলমান কার্যক্রম দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে প্রতিষ্ঠানের ই-নথি ব্যবহারকারী ৫৩ জন কর্মকর্তা/কর্মচারীই কার্যক্রমে সংশ্লিষ্ট থাকবেন মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ই-নথির কার্যক্রম সম্প্রসারণ তথা পত্রজারির সংখ্যা বৃদ্ধির বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়। ই-নথি কার্যক্রমে ইতোমধ্যে পারদর্শী কর্মকর্তাগণের তত্ত্বাবধানে নতুন কর্মকর্তা/কর্মচারীদের একদিনের একটি ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও প্রতিষ্ঠানের ৪ টি বিভাগের কার্যক্রম বিষয়ে আলাদাভাবে ৪ টি ওয়ার্কশপ আয়োজনের বিষয়েও উপস্থি সকলে একমত পোষণ করেন।	সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়। ১) প্রতিষ্ঠানের কার্যক্রম ও সেবা সমূহকে ই-নথিতে রূপান্তরের চলমান কার্যক্রম দ্রুত সম্পন্ন করা। ২) ই-নথি কার্যক্রমে অন্তর্ভুক্ত কর্মকর্তা/কর্মচারীর সার্বিক অংশগ্রহণ এবং ই-নথি কার্যক্রম সম্প্রসারণ তথা পত্রজারির সংখ্যা বৃদ্ধি করা। ৩) ই-নথি কার্যক্রমে ইতোমধ্যে পারদর্শী কর্মকর্তাগণের তত্ত্বাবধানে নতুন কর্মকর্তা/কর্মচারীদের আগামী নভেম্বর, ২০১৯ মাসের মধ্যে একদিনের একটি ওয়ার্কশপ আয়োজন করা। ৪) ই-নথি কার্যক্রমে ইতোমধ্যে পারদর্শী কর্মকর্তাগণের তত্ত্বাবধানে নতুন কর্মকর্তা/কর্মচারীদের একদিনের একটি ওয়ার্কশপ আয়োজন করা। বাস্তবায়নেঃ প্রিন্সিপ্যাল রিসার্চ অফিসার, প্রজেক্ট অফিসার, জনাব, মোঃ আরিফুজ্জামান, সিনিয়র রিসার্চ ইঞ্জিনিয়ার।

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
৫.	প্রতিষ্ঠানের এডিপি অন্তর্ভুক্ত প্রকল্প কার্যক্রম সমূহের অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রতিষ্ঠানের চলমান সুইপ প্রকল্পের কার্যক্রমে সাইনবোর্ড স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	প্রতিষ্ঠানের এডিপি অন্তর্ভুক্ত প্রকল্প কার্যক্রম সমূহের অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রতিষ্ঠানের চলমান সুইপ প্রকল্পের কার্যক্রমে সাইনবোর্ড স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়।	প্রতিষ্ঠানের এডিপি অন্তর্ভুক্ত প্রকল্প কার্যক্রম সমূহের অগ্রগতি সিদ্ধান্ত গ্রহীত হয়। প্রতিষ্ঠানের চলমান সুইপ প্রকল্পের কার্যক্রমে সাইনবোর্ড স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নেঃ জনাব মোঃ আরিফুজ্জামান, সিনিয়র রিসার্চ ইঞ্জিনিয়ার।
৬.	প্রচার প্রসার বৃদ্ধির ব্যাপক উদ্যোগ	প্রতিষ্ঠানের উদ্ভাবিত নির্মাণ উপকরণ ও প্রযুক্তি সমূহের ব্যাপক প্রচার ও প্রসারের উদ্যোগ গ্রহণ ও এ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	প্রতিষ্ঠানের উদ্ভাবিত নির্মাণ উপকরণ ও প্রযুক্তি সমূহের ব্যাপক প্রচার ও প্রসারের উদ্যোগ গ্রহণ ও এ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নেঃ প্রিন্সিপ্যাল রিসার্চ অফিসার ও প্রজেক্ট অফিসার।
৭.	প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ	প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ এবং প্রতিষ্ঠানের তথ্য আপলোড নিশ্চিতকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। ইতোমধ্যে আউটসোর্সিং এর মাধ্যমে এ কাজে একজন পারদর্শী লোক নিয়োগ করা হয়েছে এবং তার মাধ্যমে এ কার্যক্রম চলমান রয়েছে।	প্রতিষ্ঠানের ওয়েব-পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ এবং প্রতিষ্ঠানের তথ্য আপলোড নিশ্চিতকরণ কার্যক্রম আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রাপ্ত লোকের সাহায্যে নিয়মিতভাবে চলমান রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

*Handwritten signature*

*Handwritten signature*  
 (মোঃ আকতার হোসেন সরকার)  
 প্রিন্সিপ্যাল রিসার্চ অফিসার  
 হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট  
 দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬  
 ফোন: ৯০৩৫২২২

অনুলিপি, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-

- ১। পিও, এইচ বি আর আই, দারুস-সালাম, মিরপুর, ঢাকা।
- ২। .....বিভাগ/শাখা প্রধান, এইচ বি আর আই, দারুস-সালাম, মিরপুর, ঢাকা।
- ৩। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এইচ বি আর আই, দারুস-সালাম, মিরপুর, ঢাকা।
- ৪। সংশ্লিষ্ট নথি।